নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আমাকে প্রেরণ করা হয়েছে কিয়ামতের সাথে এ রকম, এ কথা বলে তিনি আঙ্গুল দু'টিকে প্রসারিত করে ইশারা করেন।

সাহল ইবন সা‘দ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আমাকে প্রেরণ করা হয়েছে কিয়ামতের সাথে এ রকম, এ কথা বলে তিনি আঙ্গুল দু'টিকে প্রসারিত করে ইশারা করেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিয়ামত নিকটবর্তী হওয়ার সংবাদ দিয়েছেন। কেননা তাঁর প্রেরণের সময় ও কিয়ামতের দিন অত্যন্ত নিকটবর্তী যেমন তাঁর দু’টি আঙ্গুল পরস্পর নিকটবর্তী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দু'টি আঙ্গুল প্রসারিত করে অন্যসব আঙ্গুলের থেকে এদু’টিকে পৃথক করেছেন। অন্য হাদীসে তাঁর উক্ত আঙ্গুলদ্বয় সম্পর্কে বলা হয়েছে যে, তা ছিলো তর্জনী (শাহাদত অঙ্গুলী) ও মধ্যমা। তর্জনী অঙ্গুলী হলো মধ্যমা ও বৃদ্ধাঙ্গুলীর মধ্যকার অঙ্গুলী। আপনি যখন এ অঙ্গুলীদ্বয়ের দূরত্ব তুলনা করবেন তখন দেখবেন এ দু’টি আঙ্গুল পাশাপাশি এবং তাদের দূরত্ব অত্যন্ত কম। তর্জনী ও মধ্যমা অঙ্গুলীদ্বয়ের মধ্যকার দূরত্ব এক নখ বা অর্ধনখ পরিমাণ। তর্জনী অঙ্গুলীকে আরবীতে সাব্বাবা বলার কারণ হলো মানুষ যখন কাউকে গালি দেয় তখন এ অঙ্গুলী দ্বারা ইশারা করে। এ অঙ্গুলীকে সাব্বাহা তথা (তাসবীহ পাঠকারী) অঙ্গুলীও বলা হয়। কেননা মহান আল্লাহর সম্মানে যখন তাঁর দিকে ইশারা করে তখন এ অঙ্গুলী দ্বারা আকাশ পানে ইশারা করে। মূলকথা হলো দুনিয়ার বয়স শেষপ্রান্তে এসে গেছে, তা আর বেশি অবশিষ্ট নেই।

https://sunnah.global/hadeeth/bn/show/11215